# উচ্চমূল্য মানসম্পন্ন দেশীয় প্রজাতির মাছ চাষ

## প্রকল্প সমাপনী প্রতিবেদন



পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি
PALASHIPARA SAMAJ KALLAYAN SAMITY

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন

## প্রকাশকাল
নভেম্বর ২০২১

## প্রকাশনায়
পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)
বাঁশবাড়িয়া, গাংনী, মেহেরপুর
ফোন নম্বরঃ +৮৮০৭৯২২-৭৫০৪৬
ই-মেইলঃ psksinfo@psks-gm.org, psksmeherpur@gmail.com
ওয়েবসাইটঃ www.psks-gm.org

## প্রকাশনা উপদেশক
জনাব গোলাম তৌহিদ, উপ-ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ
ড. শরীফ আহম্মেদ চৌধুরী, মহাব্যবস্থাপক, পিকেএসএফ



## বিশেষ কৃতজ্ঞতা
একিউএম গোলাম মওলা, উপ-ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ
একেএম ফয়জুল হক, সহকারী মহাব্যবস্থাপক, পিকেএসএফ

## সার্বিক তত্ত্বাবধানে
মুহঃ মোশাররফ হোসেন, নির্বাহী পরিচালক, পিএসকেএস
মোহাঃ কামরুজ্জামান, পরিচালক (কর্মসূচি), পিএসকেএস

## সম্পাদনায়
এ.এম. ফরহাদুজ্জামান, উপ-ব্যবস্থাপক (কার্যক্রম), পিকেএসএফ
মোঃ সুজন খান, সহকারী ব্যবস্থাপক (মৎস্য), পিকেএসএফ

## তথ্য প্রদান ও সহায়তায়
সাঈদ-উর-রহমান, মৎস্য কর্মকর্তা, পিএসকেএস
এম এ জি মোস্তফা রাব্বী, কৃষি কর্মকর্তা, পিএসকেএস
মোঃ খালেদ কবীর, সহকারী মৎস্য কর্মকর্তা, পিএসকেএস

### অর্থায়ন ও কারিগরি সহযোগিতায়ঃ
Learning and Innovation Fund to Test Ideas (LIFT) কর্মসূচি
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)



**মুহঃ মোশাররফ হোসেন**
নির্বাহী পরিচালক
পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)

# মুখবন্ধ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) বিভিন্ন প্রকল্প কর্মসূচির আওতায় কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন কার্যক্রম সাফল্যজনকভাবে বাস্তবায়ন করে আসছে। এ ধরনের কর্মসূচির মাধ্যমে সুবিধাবঞ্চিত তৃণমূল পর্যায়ে কৃষকদের চাহিদা ও প্রয়োজন অনুযায়ী নমনীয় শর্তে ঋণ সহায়তা প্রদানের পাশাপাশি লাগসই প্রযুক্তি সরবরাহ ও কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে। এ ধরনের কার্যক্রম গ্রহণের ফলে একদিকে যেমন কৃষিজ উৎপাদন বৃদ্ধি হওয়ায় দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হচ্ছে অন্যদিকে সদস্যের সুযোগ সৃষ্টি হচ্ছে।

দেশীয় প্রজাতির মাছ চাষের গুরুত্ব, পুষ্টিগুণ, উচ্চ বাজারমূল্য উৎপাদনশীলতা, চাষ সম্প্রসারণের উপযোগিতা ইত্যাদি বিষয়কে প্রাধান্য দিয়ে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর অর্থায়ন ও কারিগরি সহায়তায় ‘উদ্ভাবনীমূলক কৃষিজ উদ্যোগ’-এর আওতায় ‘‘উচ্চমূল্য মানসম্পন্ন দেশীয় প্রজাতির মাছ চাষ’’ শীর্ষক উদ্যোগটি পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) মেহেরপুর জেলার গাংনী উপজেলায় সফলভাবে বাস্তবায়ন সম্পন্ন করেছে।

পিকেএসএফ এর সার্বিক সহযোগিতায় পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) আলোচ্য প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত একটি প্রকল্প সমাপনী প্রতিবেদন তৈরি করা হয়েছে। প্রতিবেদনটি ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি।

## পটভূমিঃ

আবহমানকাল থেকে বাংলাদেশের মানুষ প্রাণীজ আমিষের চাহিদা পূরণ ও জীবিকা নির্বাহে দেশীয় প্রজাতির মাছের উপর অনেকাংশে নির্ভরশীল । বর্তমানে দেশীয় ছোট প্রজাতির মাছের প্রাচুর্যতা ও উৎপাদন ক্রমশ হ্রাস পাচ্ছে । প্রাকৃতিক পরিবেশের পরিবর্তন, নির্বিচারে মাছ আহরণ, অপরিকল্পিত বাঁধ ও রাস্তা নির্মাণ, জলাশয় ভরাট, কৃষি জমিতে সার ও কীটনাশকের অনিয়ন্ত্রিত ব্যবহারের ফলে ছোট মাছগুলো মারাত্মক হুমকির মুখে ।দেশীয় উৎপাদন কমে যাওয়ায় দরিদ্র মৎস্যজীবীদের আয়ের উৎস্ও কমে গেছে । অভ্যন্তরীণ জলাশয়ে প্রাপ্ত অনেক প্রজাতির ছোট মাছই ক্রমেই সংকটাপন্নের দিকে এগিয়ে যাচ্ছে । অথচ এসব দেশীয় প্রজাতির মাছের পুষ্টিগুণ ও বাজার মূল্য অনেক বেশি । তাই মৎস্য সম্পদ উন্নয়ন, সংরক্ষণ ও ব্যবস্থাপনা দেশীয় প্রজাতির মাছ চাষ এখন সকল বিবেচনায় অগ্রাধিকারযোগ্য ।

## দেশীয় প্রজাতির মাছের পুষ্টিগত গুরুত্ব

বাংলাদেশে প্রতিবছর প্রায় ৩০ (ত্রিশ) হাজারের অধিক শিশু ভিটামিন 'এ' এর অভাবে রাতকানা রোগে আক্রান্ত হয়। গ্রামের ৫৭% মানুষ প্রয়োজনীয় ভিটামিন 'এ' এর অভাবে, ৮৯% আয়রনের অভাবে, ৮০% ক্যালসিয়ামের অভাবে এবং ৫৩% রক্তশূন্যতায় ভুগছে । দেশীয় ছোট মাছ বিশেষ করে মলা, পুঁটি, ঢেলা ইত্যাদি পুষ্টিগুণে সমৃদ্ধ বিধায় রাতকানা, রক্তশুন্যতাসহ অপুষ্টিজনিত বিভিন্ন রোগ প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে ।


মলা মাছ


টাকি মাছ


ডেলা মাছ



## দেশীয় প্রজাতির মাছ চাষ সম্প্রসারণে পিকেএসএফ কর্তৃক গৃহীত পদক্ষেপঃ

দেশীয় প্রজাতির মাছ সমূহের গুরুত্ব, পুষ্টিগুণ, উচ্চ বাজারমূল্য, উৎপাদনশীলতা, চাষ সম্প্রসারণের উপযোগিতা ইত্যাদি বিষয়কে প্রাধান্য দিয়ে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর অর্থায়ন ও কারিগরি সহায়তায় ‘উদ্ভাবনীমূলক কৃষিজ উদ্যোগ’-এর আওতায় ‘‘উচ্চমূল্য মানসম্পন্ন দেশীয় প্রজাতির মাছ চাষ’’ উদ্যোগটি ‘পিএসকেএস’ মেহেরপুর জেলার গাংনী উপজেলায় বাস্তবায়ন করেছে।

**একনজরে উদ্যোগ সম্পর্কিত তথ্যঃ**

**উদ্যোগের নামঃ** উচ্চ মান সম্পন্ন দেশীয় প্রজাতির মাছ চাষ।

**উদ্যোগের বাজেটঃ** ১ কোটি ৭ লক্ষ টাকা (পিকেএসএফ ৯৭ লক্ষ টাকা এবং ১০ লক্ষ টাকা।

**বাস্তবায়ন কালঃ** ০৩ বছর ( সেপ্টেম্বর ২০১৮ - নভেম্বর ২০২১ )

**উদ্যোগের কর্ম এলাকাঃ** গাংনী উপজেলা।

**বাস্তবায়নকারী সংস্থাঃ** পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)।







## উদ্যোগের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

১. বিলুপ্তপ্রায় দেশীয় প্রজাতির মাছ চাষ সদস্যদের সম্পৃক্ত করে তাদের আয় এবং কর্মসংস্থানের সুযোগ তৈরি করা ।
২. বিলুপ্তপ্রায় দেশীয় প্রজাতির মাছ চাষ সম্প্রসারণ করার পাশাপাশি চাষী পর্যায়ে সচেতনতা বৃদ্ধি করা ।
৩. উদ্যোগের আওতায় প্রযুক্তিগত সহায়তা ও অন্যান্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠানের সাথে কার্যকর লিংকেজ স্থাপন করা ।

### এক নজরে উদ্যোগের আওতায় বাস্তবায়িত কার্যক্রমসমূহঃ

- কর্মএলাকা ও সদস্য নির্বাচন
- সদস্যদের প্রশিক্ষণ প্রদান
- দেশী মাছ চাষে প্রযুক্তিগত সহায়তা প্রদান
- দেশী প্রজাতির মাছের প্রদর্শনী খামার স্থাপন
- মাছ চাষে সদস্যর আর্থিক সহায়তা প্রদান
- উদ্যোক্তা উন্নয়ন ও মার্কেট লিংকেজ প্রশিক্ষণ প্রদান
- মাছ চাষে সহায়তা উপকারণ প্রদান
- কারিগরি কর্মশালা আয়োজন
- মাঠ দিবস ও উদ্বুদ্ধকরণ ভ্রমণ আয়োজন
- ডকুমেন্টেশন ও প্রচার-প্রকাশনা







**লক্ষভুক্ত জনগোষ্ঠীঃ** দেশীয় প্রজাতির মাছ চাষে গাং়নী শাখার অন্তর্ভুক্ত বুনিয়াদ, জাগরণ ও অগ্রসর পর্যায়ের সদস্যদের ঋণ ও অনুদান সহায়তা প্রদানের মাধ্যমে দেশীয় প্রজাতির মাছের চাষকে আরও বেশি জনপ্রিয় করে তোলা হয়েছে ।



**দেশীয় প্রজাতির মাছের পুষ্টিগুণঃ** আমাদের দেশে ছোট-বড় বিভিন্ন ধরণের মাছ পাওয়া যায় । ছোট প্রজাতির মাছের মধ্যে মলা, ঢেলা, চেলা, ট্যাংরা, শিং-মাগুর, ফলি ইত্যাদি মাছ জনপ্রিয় । আকারে ছোট হলেও পুষ্টিতে এ সব মাছ কিন্তু ছোট নয় । এর অন্যতম কারণ হলো এসব মাছ কাঁটা সহ খাওয়া যায় । ছোট মাছে প্রচুর পরিমাণে প্রোটিন, আয়রন, ক্যালসিয়াম, ফসফরাস, ভিটামিন ও উপকারী ফ্যাটি এসিড বিদ্যমান । কিন্তু দিন দিন এই সব মাছের প্রাচুর্যতা কমায় গ্রামের ছোট-বড় সকল স্তরের মানুষ রাতকানা রক্তশূন্যতা সহ অপুষ্টিজনিত বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে তাই দেশি মাছ চাষের গুরুত্ব অপরিসীম ।



# কার্যক্রমের বিবরণ

১। **কর্মএলাকা সদস্য নির্বাচনঃ** উদ্যোগের আওতায় মাছ চাষের জন্য উপযুক্ত কর্মএলাকা নির্বাচনের পর একটি বেইজলাইন সার্ভের আলোকে দেশীয় প্রজাতির মাছ চাষে আগ্রহী বা কর্মএলাকায় দেশীয় মাছ চাষ করছে এমন ২০০জন সদস্য (গাংনী শাখা) নির্বাচন করা হয়েছে যারা উদ্যোগের কার্যক্রমের সাথে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত আছে ।

২। **সদস্যদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানঃ** লাভজনক ও উত্তম ব্যবস্থাপনায় দেশি প্রজাতির মাছ চাষের লক্ষ্যে সদস্যদের যথাযথ প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উদ্যোগের আওতায় 'উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ' শীর্ষক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে ।

৩। **দেশীয় প্রজাতির মাছের ব্রডব্যান্ড স্থাপনঃ** দেশি প্রজাতির মাছ চাষের জন্য কোন প্রার্থী নিশ্চিত করা আবশ্যক। কর্মএলাকায় দেশীয় জাতের মাছের পোনার সহজপ্রাপ্তি নিশ্চিত করার জন্য দেশী মাছের ব্রুড ব্যাংক স্থাপনের কোন বিকল্প নেই । এলক্ষ্যে, উদ্যোগের আওতায় সদস্য পর্যায়ে দেশী প্রজাতির মাছের ১০টি ব্রুড ব্যাংক স্থাপন করা হয়েছে ।

- মলা মাছের ব্রুড ব্যাংক-৫টি
- বিপন্ন মাছের ব্রুড ব্যাংক-৫টি

৪। **দেশী মাছের প্রদর্শনী খামার স্থাপনঃ** উদ্যোগের আওতায় সদস্য পর্যায়ে দেশীয় প্রজাতির মাছ চাষের ১০৭টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। উল্লেখযোগ্য প্রদর্শনী সমূহের মধ্যে রয়েছে-

- কার্প-মলা-লাল তেলাপিয়া মিশ্র চাষ প্রদর্শনী (২০টি)
- শিং ও মাগুর মিশ্র চাষ প্রদর্শনী (২০টি)
- পাবদা, গুলশা ও দেশী টেংরা মিশ্র চাষ প্রদর্শনী (২০টি)
- আইড়, শোল, টাকি ও গজার মিশ্র চাষ প্রদর্শনী (১৫টি)
- ব্ল্যাক কার্প ও মহাশোল মিশ্র চাষ প্রদর্শনী (১৫টি)
- পোনা মাছ ব্যবসায় ক্ষুদ্র উদ্যোক্তা তৈরি প্রদর্শনী (১৫টি)
- বাহারী মাছ চাষ প্রদর্শনী (২টি)

এছাড়াও দেশীয় প্রজাতির মাছ চাষ ব্যবস্থাপনাকে সকল স্তরের মাছ চাষীদের মাঝে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে সফল প্রতিরূপায়নে বিশেষ গুরুত্ব প্রদান করা হচ্ছে। এলক্ষ্যে, আগ্রহী সদস্যদের প্রয়োজনীয় কারিগরি ও প্রযুক্তিগত সেবা প্রদান অব্যাহত আছে ।

৫। **উদ্যোক্তা উন্নয়ন ও মার্কেট সংযোগঃ** দেশি প্রজাতির মাছ চাষে কর্ম এলাকায় উদ্যোক্তা তৈরির লক্ষ্যে নির্বাচিত সদস্যদের উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা রয়েছে । এজন্য উদ্যোগের আওতায় উদ্যোক্তা তৈরি ও কার্যকর মার্কেট সংযোগ স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হচ্ছে।

৬। **কারিগরি কর্মশালা আয়োজনঃ** উদ্যোগে আওতায় সংস্থা ও উপজেলা পর্যায়ে ১টি কারিগরি কর্মশালা আয়োজন করা হয়েছে যেখানে জেলা ও উপজেলা পর্যায়ের সকল প্রতিষ্ঠান, ব্যক্তি ও অন্যান্য অংশীজনকে সম্পৃক্ত করা হয়েছে।

৭। **মাঠ দিবসঃ** উদ্যোগের আওতায় বাস্তবায়িত প্রযুক্তিভিত্তিক প্রদর্শনীসমূহের সুফল ও কার্যক্রম সম্প্রসারণ নিশ্চিত করার লক্ষ্যে সদস্যদের অংশগ্রহণে ৪টি মাঠ দিবসের আয়োজন করা হয়েছে।

৮। **উদ্বুদ্ধকরণ ভ্রমণঃ** উদ্যোগের আওতায় সদস্যদের দেশী মাছ চাষে উদ্বুদ্ধ করার নিমিত্তে এলাকার আগ্রহী সদস্যদের অংশগ্রহণে ১টি উদ্বুদ্ধকরণ ভ্রমণের আয়োজন করা হয়েছে।

৯। **মাছ চাষে সহায়ক উপকরণ প্রদানঃ** বাস্তবসম্মত ও আধুনিক উপায়ে দেশী মাছ চাষ ব্যবস্থাপনায় প্রযুক্তির সন্নিবেশ একটি যুগোপযোগী পদক্ষেপ। মাছ চাষের জন্য অত্যানুকুল পরিবেশের ভৌত-রাসায়নিক পরিমাপ ও পানির গুনগতমানসমূহ যথাযথভাবে নিয়ন্ত্রণে উদ্যোগের আওতায় কারিগরি কর্মকর্তাদের মাছ চাষে সহায়ক উপকরণ সমূহ তথা ডিও মিটার, পিএইচ মিটার, অ্যামোনিয়া টেস্ট কিট, সেকি ডিস্ক, ওয়াটার থার্মোমিটার ইত্যাদি প্রদান করা হয়েছে । এতে করে মাছ চাষে কোন সমস্যা দেখা দিলে চাষিরা নিজে সমাধান করতে পারছে ।

১১। **মাছ চাষের সদস্যদের আর্থিক সহায়তা প্রদানঃ** সদস্য পর্যায়ে দেশি মাছের ব্রুড ব্যাংক ও মানসম্পন্ন প্রদর্শনী খামার স্থাপনের জন্য দেশী মাছ চাষকারী সদস্যদের সীমিত পরিসরে অনুদান সহায়তা প্রদান করা হচ্ছে । এছাড়াও উদ্যোগের আওতায় চাষীদের দেশী জাতের মাছ চাষে উদ্বুদ্ধ করতে সদস্যদের প্রয়োজনীয় ঋণ সহায়তা প্রদান অব্যাহত আছে ।

১২। **ডকুমেন্টেশন ও প্রচার প্রচারণাঃ** উদ্যোগের আওতায় বাস্তবায়িত প্রদর্শনীর ফলাফল, ইতিবাচক দিক ও অর্জনসমূহ ডকুমেন্টেশন- এর ব্যবস্থা রয়েছে । দেশী মাছ চাষ বিষয়ক চাষী সহায়িকা তৈরী করে সদস্য পর্যায়ে বিতরণ করা হচ্ছে । উদ্যোগ সংশ্লিষ্ট প্রযুক্তিভিত্তিক ও প্রকল্পভিত্তিক লিফলেট এবং প্রযুক্তিভিত্তিক পোষ্টার তৈরি করে সদস্যদের মাঝে বিতরণ করা হয়েছে ।



# উদ্যোগের আওতায় উৎপাদনের তথ্যঃ

## ক) মাছ উৎপাদন সংক্রান্ত তথ্যঃ

| ক্র | প্রদর্শনীর নাম ও প্রজাতী | পুকুরের সংখ্যা | মোট আয়তন (শতাংশ) | মোট উৎপাদন (কেজি) | মোট ব্যয় (টাকা) | মোট আয় (টাকা) | নীট লাভ (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | মলা মাছের ব্রুড ব্যাংক স্থাপন | ৫ | ১২৫ | ২,২৫০ | ১,৩০,৫০০ | ৪,৬৮,০০০ | ৩,৩৭,৫০০ |
| ২. | বিপন্ন মাছের ব্রুড ব্যাংক স্থাপন | ৫ | ১৪৫ | ২,১৭৫ | ১,২৬,১৫০ | ৪,৫১,৮০০ | ৩,২৫,৬৫০ |
| ৩. | কার্প-মলা-লাল তেলাপিয়া মিশ্র চাষ প্রদর্শনী | ২০ | ৬৩০ | ১৩,৮৬০ | ৮,০৩,৮৮০ | ২৮,৮২,৮৮০ | ২০,৭৯,০০০ |
| ৪. | শিং, মাগুর মিশ্র চাষ প্রদর্শনী | ২০ | ৫৯০ | ১১,৭০৭ | ৬,৭৯,০০৬ | ২৪,৩৫,০৫৬ | ১৭,৫৬,০৫০ |
| ৫. | পাবদা, গুলশা ও দেশী ট্যাংরা মিশ্র চাষ প্রদর্শনী | ২০ | ৬০৫ | ১০,৯১০ | ৬,৩২,৭৮০ | ২২,৬৯,২৮০ | ১৬,৩৬,৫০০ |
| ৬. | আইড়, শোল, টাকি ও গজার মিশ্র চাষ প্রদর্শনী | ১৫ | ৪২৫ | ৬,৭৫০ | ৩,৯১,৫০০ | ১৪,০৪,০০০ | ১,০১২,৫০০ |
| ৭. | ব্ল্যাক কার্প ও মহাশোল মাছের চাষ প্রদর্শনী | ১৫ | ৪০৫ | ৫,৮৬২ | ৩,৩৯,৯৯৬ | ১২,১৯,২৯৬ | ৮,৭৯,৩০০ |
| | **মোট** | **১২৩** | **২৯২৫** | **৫৩,৫১৪** | **৩১,০৩,৮১২** | **১,১১,৩০,৩১২** | **৮০,২৬,৫০০** |

## ক) পাড়ে সাক সবজি উৎপাদন সংক্রান্ত তথ্যঃ

| ক্র | পাড়ে উৎপাদিত সবজির নাম | পুকুর পাড়ের আয়তন (শতাংশ) | মোট উৎপাদন (কেজি) | মোট ব্যয় (টাকা) | মোট আয় (টাকা) | নীট লাভ (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১. | মিষ্টি কুমড়া, লাউ, চাল কুমড়া, শসা, করলা, চিচিঙ্গা, ধুন্দল | ৮৩৭ | ৩,৭৩২ | ২৪,২৫৮ | ১,৯২,১৯৮ | ১,৬৭,৯৪০ |



# উদ্যোগ এর প্রভাবঃ

- কর্মএলাকা দেশীয় প্রজাতির মাছের চাষ বৃদ্ধি পেয়েছে। উদ্যোগের আওতায় এ পর্যন্ত ১০৭ টি পুকুর চাষের আওতায় এসেছে যার আয়তন প্রায় ২,৯২৫ শতাংশ ।
- কর্ম এলাকায় মলা মাছের ব্রুড ব্যাংক স্থাপিত হয়েছে যা কর্ম এলাকায় একেবারে নতুন সংযোজন ।
- প্রকল্পের আওতায় মোট ৫৩,৫১৪ কেজি দেশী জাতের বিভিন্ন মাছ উৎপাদিত হয়েছে যার বাজারমূল্য প্রায় ১,১১,৩০,৩১২ টাকা
- সদস্যরা কার্প জাতীয় মাছের সাথে দেশী মাছ চাষ শুরু করেছে, যা কর্ম এলাকায় পূর্বে প্রচলিত ছিল না ।
- বাণিজ্যিকভাবে দেশী মাছের একক চাষ হচ্ছে ।
- কর্মএলাকায় দেশীয় প্রজাতির মাছ চাষের ফলে স্থানীয় বাজারে দেশী প্রজাতির মাছের প্রাচুর্যতা পেয়েছে ।
- দেশীয় প্রজাতির মাছের হ্যাচারির সংখ্যা কম থাকায় এসব মাছের জন্য নার্সারী পুকুরে দেশী মাছ চাষ ব্যবস্থা দিন দিন বেড়ে চলেছে । সদস্যরা এসব মাছের নার্সিং করছে ।
- পোনার গুণগত মান নিয়ে যে আশংকা ছিল তা ধীরে ধীরে লোপ পাচ্ছে ।
- কর্ম এলাকায় কিছু নতুন প্রজাতির মাছ চাষের আওতায় এসেছে । যেমনঃ ব্লাক কার্ফু, পাবদা ও গুলশা ।
- কর্ম এলাকার মানুষের মাঝে দেশীয় প্রজাতির মাছ চাষের গুরুত্ব ও লাভ ফুটে উঠেছে যার ফলে তারা আর্থিকভাবে লাভবান হওয়ার জন্য দেশী প্রজাতির মাছ চাষে এগিয়ে আসছে ।



# প্রকল্পের কিছু উল্লেখযোগ্য ফলাফল

১



| | |
|---|---|
| সদস্যর নামঃ | মোঃ হাসিবুল ইসলাম |
| প্রদর্শনীর নামঃ | কার্প-মলা-লাল তেলাপিয়া মিশ্র চাষ |
| শাখার নামঃ | গাংনী |
| প্রদর্শনী স্থাপনের তারিখঃ | ১৭ সেপ্টেম্বর ২০১৯ |
| মোট পুকুরের আয়তনঃ | ২৭ |

## আয়-ব্যয় সংক্রান্ত তথ্যঃ

| নং | আয়ের খাত | পরিমাণ (কেজি) | মোট (টাকা) |
|---|---|---|---|
| ১ | মাছ বাবদ | ১,১৬২ | ১,৯৮,৩৪০/- |
| ২ | পাড়ে উৎপাদিত সবজি বাবদ | ১৫৫ | ৬,২০০/- |
| | **মোট আয়ঃ** | | **২,০৪,৫৮০/-** |

| নং | ব্যয়ের খাত | মোট (টাকা) |
|---|---|---|
| ১ | পুকুর সংস্কার বাবদ | ২,২৫০/- |
| ২ | মাছ চাষ বাবদ (পোনা ক্রয় ও খাবার সহ) | ৯৮,৫৪০/- |
| ৩ | পাড়ে সবজি চাষ বাবদ | ২,৬৩০/- |
| ৪ | চুন, সার, মেডিসিন প্রয়োগ, মাছ আহরণ, বিদ্যুৎ বিল ও অন্যান্য বাবদ | ৫,২৪০/- |
| | **মোট ব্যয়ঃ** | **১,০৮,৬৬০/-** |

নীট লাভঃ ২,০৪,৫৮০ – ১,০৮,৬৬০ = ৯৫,৯২০ টাকা

## ২




| | |
|---:|---|
| **সদস্যর নামঃ** | **মোঃ সোহেল রানা** |
| **প্রদর্শনীর নামঃ** | **কার্প-মলা-লাল তেলাপিয়া মিশ্র চাষ** |
| **শাখার নামঃ** | **গাংনী** |
| **প্রদর্শনী স্থাপনের তারিখঃ** | **১৭ সেপ্টেম্বর ২০১৯** |
| **মোট পুকুরের আয়তনঃ** | **২৮** |

### আয়-ব্যয় সংক্রান্ত তথ্যঃ

| নং | আয়ের খাত | পরিমাণ (কেজি) | মোট (টাকা) |
|---|---|---|---|
| ১ | মাছ বাবদ | ৯২৫ | ১,৭৬,২০০/- |
| ২ | পাড়ে উৎপাদিত সবজি বাবদ | ১৭৫ | ৭,০০০/- |
| **মোট আয়ঃ** | | | **১,৮৩,২০০/-** |

| নং | ব্যয়ের খাত | মোট (টাকা) |
|---|---|---|
| ১ | পুকুর সংস্কার বাবদ | ১,৭৫০/- |
| ২ | মাছ চাষ বাবদ (পোনা ক্রয় ও খাবার সহ) | ৭৫,৫৪০/- |
| ৩ | পাড়ে সবজি চাষ বাবদ | ২,৫২০/- |
| ৪ | চুন, সার, মেডিসিন প্রয়োগ, মাছ আহরণ, বিদ্যুৎ বিল ও অন্যান্য বাবদ | ৪,২৪০/- |
| **মোট ব্যয়ঃ** | | **৮৪,০৫০/-** |

নীট লাভঃ ১,৮৩,২০০ – ৮৪,০৫০ = ৯৯,১৫০ টাকা

৩



| | |
|---|---|
| **সদস্যর নামঃ** | **মোঃ রাজু আহম্মেদ** |
| **প্রদর্শনীর নামঃ** | **শিং-মাগুর মিশ্র চাষ** |
| **শাখার নামঃ** | **গাংনী** |
| **প্রদর্শনী স্থাপনের তারিখঃ** | **১৭ সেপ্টেম্বর ২০১৯** |
| **মোট পুকুরের আয়তনঃ** | **২৭** |

**আয়-ব্যয় সংক্রান্ত তথ্যঃ**

| নং | আয়ের খাত | পরিমাণ (কেজি) | মোট (টাকা) |
|---|---|---|---|
| ১ | মাছ বাবদ | ৩৮০ | ৯১,২০০/- |
| ২ | পাড়ে উৎপাদিত সবজি বাবদ | ৪৫ | ১,৮০০/- |
| | **মোট আয়ঃ** | | **৯৩,০০০/-** |

| নং | ব্যয়ের খাত | মোট (টাকা) |
|---|---|---|
| ১ | পুকুর সংস্কার বাবদ | ১,৪৫০/- |
| ২ | মাছ চাষ বাবদ (পোনা ক্রয় ও খাবার সহ) | ২৮,৫৪০/- |
| ৩ | পাড়ে সবজি চাষ বাবদ | ৫২০/- |
| ৪ | চুন, সার, মেডিসিন প্রয়োগ, মাছ আহরণ, বিদ্যুৎ বিল ও অন্যান্য বাবদ | ১,৬৪০/- |
| | **মোট ব্যয়ঃ** | **৩২,১৫০/-** |

নীট লাভঃ ৯৩,০০০ – ৩২,১৫০ = ৬০,৮৫০ টাকা

## ৪



| | |
|---|---|
| **সদস্যর নামঃ** | **আবুল কালাম** |
| **প্রদর্শনীর নামঃ** | **মাছ রেনু পোনা চাষে ক্ষুদ্র উদ্যোক্তা তৈরি** |
| **শাখার নামঃ** | **গাংনী** |
| **প্রদর্শনী স্থাপনের তারিখঃ** | **২২ সেপ্টেম্বর ২০২০** |
| **মোট পুকুরের আয়তনঃ** | **১২৮** |

### আয়-ব্যয় সংক্রান্ত তথ্যঃ

| নং | আয়ের খাত | পরিমাণ (কেজি) | মোট (টাকা) |
|---|---|---|---|
| ১ | মাছ বাবদ | ১৬৫ | ৮৭,৮১০/- |
| ২ | পাড়ে উৎপাদিত সবজি বাবদ | ৭৫ | ৩,০০০/- |
| **মোট আয়ঃ** | | | **৯০,৮১০/-** |

| নং | ব্যয়ের খাত | মোট (টাকা) |
|---|---|---|
| ১ | পুকুর সংস্কার বাবদ | ২,২৫০/- |
| ২ | মাছ চাষ বাবদ (পোনা ক্রয় ও খাবার সহ) | ১৮,৫৪০/- |
| ৩ | পাড়ে সবজি চাষ বাবদ | ১,৫২০/- |
| ৪ | চুন, সার, মেডিসিন প্রয়োগ, মাছ আহরণ, বিদ্যুৎ বিল ও অন্যান্য বাবদ | ৫৪০/- |
| **মোট ব্যয়ঃ** | | **২২,৮৫০/-** |

**নীট লাভঃ ৯০,৮১০ – ২২,৮৫০ = ৬৭,৯৬০ টাকা**

## ৫




| | |
|---|---|
| **সদস্যর নামঃ** | **মোঃ খলিলুর রহমান** |
| **প্রদর্শনীর নামঃ** | **বিপন্ন মাছের ব্রুড ব্যাংক স্থাপন** |
| **শাখার নামঃ** | **গাংনী** |
| **প্রদর্শনী স্থাপনের তারিখঃ** | **১৫ মার্চ ২০২০** |
| **মোট পুকুরের আয়তনঃ** | **৫০** |

### আয়-ব্যয় সংক্রান্ত তথ্যঃ

| নং | আয়ের খাত | পরিমাণ (কেজি) | মোট (টাকা) |
|---|---|---|---|
| ১ | মাছ বাবদ | ৪৩৭ | ৯৬,৬৬০/- |
| ২ | পাড়ে উৎপাদিত সবজি বাবদ | ৩০৫ | ১২,২০০/- |
| **মোট আয়ঃ** | | | **১,০৮,৮৬০/-** |

| নং | ব্যয়ের খাত | মোট (টাকা) |
|---|---|---|
| ১ | পুকুর সংস্কার বাবদ | ২,৯৫০/- |
| ২ | মাছ চাষ বাবদ (পোনা ক্রয় ও খাবার সহ) | ৩৮,৫৪০/- |
| ৩ | পাড়ে সবজি চাষ বাবদ | ৪,৫৩০/- |
| ৪ | চুন, সার, মেডিসিন প্রয়োগ, মাছ আহরণ, বিদ্যুৎ বিল ও অন্যান্য বাবদ | ৫,২৪০/- |
| **মোট ব্যয়ঃ** | | **৫১,২৬০/-** |

নীট লাভঃ ১,০৮,৮৬০ – ৫১,২৬০ = ৫৭,৬০০ টাকা

৬



| | |
|---|---|
| **সদস্যর নামঃ** | **মোঃ রাসেল রায়হান** |
| **প্রদর্শনীর নামঃ** | **পাবদা-গুলশা ও দেশী ট্যাংরা মিশ্র চাষ** |
| **শাখার নামঃ** | **গাংনী** |
| **প্রদর্শনী স্থাপনের তারিখঃ** | **২৮ সেপ্টেম্বর ২০১৯** |
| **মোট পুকুরের আয়তনঃ** | **৩৫** |

## আয়-ব্যয় সংক্রান্ত তথ্যঃ

| নং | আয়ের খাত | পরিমাণ (কেজি) | মোট (টাকা) |
|---|---|---|---|
| ১ | মাছ বাবদ | ২৬৭ | ৯০,৭৮০/- |
| ২ | পাড়ে উৎপাদিত সবজি বাবদ | ৫৫ | ২,২০০/- |
| **মোট আয়ঃ** | | | **৯২,৯৮০/-** |

| নং | ব্যয়ের খাত | মোট (টাকা) |
|---|---|---|
| ১ | পুকুর সংস্কার বাবদ | ৯৫০/- |
| ২ | মাছ চাষ বাবদ (পোনা ক্রয় ও খাবার সহ) | ২২,৫৪০/- |
| ৩ | পাড়ে সবজি চাষ বাবদ | ৫৩০/- |
| ৪ | চুন, সার, মেডিসিন প্রয়োগ, মাছ আহরণ, বিদ্যুৎ বিল ও অন্যান্য বাবদ | ১,৮৪০/- |
| **মোট ব্যয়ঃ** | | **২৫,৮৬০/-** |

নীট লাভঃ ৯২,৯৮০ – ৬৭,১২০ = ৬৭,১২০ টাকা

# ৭




| | |
|---:|---|
| **সদস্যর নামঃ** | **মোঃ জিনারুল ইসলাম** |
| **প্রদর্শনীর নামঃ** | **মলা মাছের ব্রুড ব্যাংক স্থাপন** |
| **শাখার নামঃ** | **গাংনী** |
| **প্রদর্শনী স্থাপনের তারিখঃ** | **১৪ সেপ্টেম্বর ২০২০** |
| **মোট পুকুরের আয়তনঃ** | **১৩৫** |

## আয়-ব্যয় সংক্রান্ত তথ্যঃ

| নং | আয়ের খাত | পরিমাণ (কেজি) | মোট (টাকা) |
|---|---|---|---|
| ১ | মাছ বাবদ | ৫৯০ | ২,০০,৬০০/- |
| ২ | পাড়ে উৎপাদিত সবজি বাবদ | ১৫৫ | ৬,২০০/- |
| | **মোট আয়ঃ** | | **২,০৬,৮০০/-** |

| নং | ব্যয়ের খাত | মোট (টাকা) |
|---|---|---|
| ১ | পুকুর সংস্কার বাবদ | ২,৯৫০/- |
| ২ | মাছ চাষ বাবদ (পোনা ক্রয় ও খাবার সহ) | ৬২,৫৪০/- |
| ৩ | পাড়ে সবজি চাষ বাবদ | ১,৫৩০/- |
| ৪ | চুন, সার, মেডিসিন প্রয়োগ, মাছ আহরণ, বিদ্যুৎ বিল ও অন্যান্য বাবদ | ৩,৮৪০/- |
| | **মোট ব্যয়ঃ** | **৭০,৮৬০/-** |

নীট লাভঃ ২,০৬,৮০০ – ৭০,৮৬০ = ১৩৫,৯৪০ টাকা

৮



| | |
|---|---|
| **সদস্যর নামঃ** | **মোঃ মহাবুল ইসলাম** |
| **প্রদর্শনীর নামঃ** | **রেণু পোনা চাষে উদ্যোক্তা তৈরি** |
| **শাখার নামঃ** | **গাংনী** |
| **প্রদর্শনী স্থাপনের তারিখঃ** | **২২ সেপ্টেম্বর ২০২০** |
| **মোট পুকুরের আয়তনঃ** | **৯১** |

আয়-ব্যয় সংক্রান্ত তথ্যঃ

| নং | আয়ের খাত | পরিমাণ (কেজি) | মোট (টাকা) |
|---|---|---|---|
| ১ | মাছ বাবদ | ১৬৭ | ১,০৩,৫৪০/- |
| ২ | পাড়ে উৎপাদিত সবজি বাবদ | ৫৫ | ২,২০০/- |
| **মোট আয়ঃ** | | | **১,০৫,৭৪০/-** |

| নং | ব্যয়ের খাত | মোট (টাকা) |
|---|---|---|
| ১ | পুকুর সংস্কার বাবদ | ৩,২৫০/- |
| ২ | মাছ চাষ বাবদ (পোনা ক্রয় ও খাবার সহ) | ৪২,৫৯০/- |
| ৩ | পাড়ে সবজি চাষ বাবদ | ১,৫৮০/- |
| ৪ | চুন, সার, মেডিসিন প্রয়োগ, মাছ আহরণ, বিদ্যুৎ বিল ও অন্যান্য বাবদ | ৪,৮৪০/- |
| **মোট ব্যয়ঃ** | | **৫২,২৬০/-** |

নীট লাভঃ ১,০৫,৭৪০ – ৫৩,৪৮০ = ৫৩,৪৮০ টাকা

## ৯




| | |
|---|---|
| **সদস্যর নামঃ** | **মোঃ তোবারক হোসেন** |
| **প্রদর্শনীর নামঃ** | **পুকুরে ব্লাককার্প মাছের চাষ** |
| **শাখার নামঃ** | **গাংনী** |
| **প্রদর্শনী স্থাপনের তারিখঃ** | **২১ ডিসেম্বর ২০২০** |
| **মোট পুকুরের আয়তনঃ** | **৯৫** |

### আয়-ব্যয় সংক্রান্ত তথ্যঃ

| নং | আয়ের খাত | পরিমাণ (কেজি) | মোট (টাকা) |
|---|---|---|---|
| ১ | মাছ বাবদ | ৬৭০ | ১,৫৪,১০০/- |
| ২ | পাড়ে উৎপাদিত সবজি বাবদ | ৫৫ | ২,২০০/- |
| **মোট আয়ঃ** | | | **১,৫৬,৩০০/-** |

| নং | ব্যয়ের খাত | মোট (টাকা) |
|---|---|---|
| ১ | পুকুর সংস্কার বাবদ | ২,৪৫০/- |
| ২ | মাছ চাষ বাবদ (পোনা ক্রয় ও খাবার সহ) | ৬৮,৫৪০/- |
| ৩ | পাড়ে সবজি চাষ বাবদ | ৬৩০/- |
| ৪ | চুন, সার, মেডিসিন প্রয়োগ, মাছ আহরণ, বিদ্যুৎ বিল ও অন্যান্য বাবদ | ৩,২৪০/- |
| **মোট ব্যয়ঃ** | | **৭৪,৮৬০/-** |

নীট লাভঃ ১,৫৬,৩০০ – ৭৪,৮৬০ = ৮১,৪৪০ টাকা



## উপসংহার

আয়বর্ধনমূলক কর্মকান্ড ও কর্মসংস্থান সৃষ্টিতে দেশীয় প্রজাতির মাছ চাষ দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তাসহ সামগ্রিক অর্থনীতিতে গুরুত্বপূর্ন ভূমিকা রাখছে । বাজারে প্রচুর চাহিদা ও অধিক মূল্য হওয়ায় এসব মাছ চাষে যেমন সদস্যদের আয় বৃদ্ধি হচ্ছে তেমনি মাছ প্রক্রিয়াজাতকরন, সংরক্ষন ও বাজারজাতকরনে বিপুল জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে ।